

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
আঞ্চলিক গবেষণাগার
গোপালগঞ্জ।

স্মারক নং: ১২.০৩.৩০৩৫.০৭১.৬৭.০০১.২২-১১১

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বরাবর,

উপসহকারী পরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গোপালগঞ্জ।

বিষয়: অগ্নিনির্বাপক যন্ত্র পরিচালনা ও অগ্নি নিয়ন্ত্রণ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক গবেষণাগার, গোপালগঞ্জ-এ মাটি, পানি ও সার বিশ্লেষণ কাজে বৈদ্যুতিক ও ইলেকট্রিক যন্ত্রপাতি ব্যবহার করা হয়। এছাড়া, গবেষণা কার্যক্রমে দাহ্য রাসায়নিক পদার্থ ব্যবহারের পাশাপাশি এলপিগ্যাস সিলিন্ডারও ব্যবহার করা হয়। ব্যবহৃত দাহ্য রাসায়নিক পদার্থ কিংবা বৈদ্যুতিক গোলযোগের কারণে অগ্নিকাণ্ডের মত দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। সরকারি সম্পত্তি ও জান-মালের ক্ষয়ক্ষতি সর্বনিম্ন পর্যায়ে রাখতে অত্র গবেষণাগারের কর্মকর্তা-কর্মচারীদের অগ্নিকাণ্ড সংঘটন ও নিয়ন্ত্রণ সম্পর্কে প্রাথমিক জ্ঞান ও কৌশল জানা থাকা আবশ্যিক। উল্লেখ্য যে, আমাদের অগ্নিনির্বাপক যন্ত্রও আছে।

অতএব, যেকোন ধরনের অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনা এড়াতে অত্র প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের উল্লিখিত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

স্বাক্ষরিত ২৮/০৮/২০২২ খ্রি
(হাছিনা আকতার)

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা.)
আঞ্চলিক গবেষণাগার, গোপালগঞ্জ।
Email: srdilabgopalganj@gmail

স্মারক নং: ১২.০৩.৩০৩৫.০৭১.৬৭.০০১.২২-

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
- ২। অফিস কপি/ব্যক্তিগত নথি।

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

(হাছিনা আকতার)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা.)
আঞ্চলিক গবেষণাগার, গোপালগঞ্জ।
Email: srdilabgopalganj@gmail